

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ ।

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২১

০৭ শ্রাবণ, ১৪২১

তারিখ : \_\_\_\_\_  
২২ জুলাই, ২০১৪

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

**আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে ২৫, ২৬ ও ২৮ জুলাই, ২০১৪ তারিখ চট্টগ্রাম কাস্টমস স্টেশনসহ দেশের অন্যান্য কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে বিজিএমইএ এর অনুরোধে জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা, চট্টগ্রাম, বেনাপোল ও আইসিডি, কমলাপুর, ঢাকা শুল্ক স্টেশনসমূহ আগামী ২৫, ২৬ ও ২৮ জুলাই, ২০১৪ তারিখ খোলা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এমতাবস্থায়, রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক উল্লিখিত শুল্ক স্টেশনসমূহ সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের শাখাসমূহ বর্ণিত দিনগুলিতে খোলা রাখার পরামর্শ দেয়া যাচ্ছে।

০২। ২৫, ২৬ ও ২৮ জুলাই, ২০১৪ তারিখ সরকারী ছুটির দিন হওয়ায় ঐদিনগুলিতে অফিসের কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদের সম্মানজনক যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

( অসীম কুমার মজুমদার )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১